

ভারত-মালদ্বীপ কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 60তম বার্ষিকী উপলক্ষে একটি স্মারক
ডাকটিকিট প্রকাশ করা হল (25 জুলাই, 2025)

25 জুলাই, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মহামহিম ডঃ মহম্মদ মুইজু, মালদ্বীপ প্রজাতন্ত্রের
প্রেসিডেন্ট, ভারত-মালদ্বীপ কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 60তম বার্ষিকী উপলক্ষে স্মারক
ডাকটিকিট প্রকাশ করেন।

2. দুই দেশের মধ্যে বহু বছরের পুরোনো দ্বিপাক্ষিক সম্পর্কের প্রতিফলন হিসেবে স্মারক
ডাকটিকিট প্রকাশ করা হয়েছে, যেখানে রয়েছে ভারতীয় নৌকা উরু, কেরালার ঐতিহাসিক
নৌকা নির্মাণস্থল বেপুরে একটি বিশাল কাঠের খোলায় হাতের কাজ করে এই নৌকা তৈরি
করা হয় এবং মালদ্বীপের চিরাচরিত মাছ ধরার নৌকা - বাধু ধোনির ছবি। এই নৌকাগুলি
কয়েক শতক ধরে ভারত মহাসাগরে বাণিজ্যের অংশ ছিল। চিরাচরিত মালদ্বীপীয় মাছ ধরার
নৌকা - বাধু ধোনি - প্রধানত খাঁড়ি এবং উপকূলবর্তী এলাকায় মাছ ধরার জন্য ব্যবহার করা
হয়। এটি মালদ্বীপের সমৃদ্ধ সামুদ্রিক ঐতিহ্য এবং দ্বীপ জীবন ও মহাসাগরের মধ্যে ঘনিষ্ঠ
বন্ধনকে চিত্রিত করে।

3. 1965 সালে স্বাধীনতার পর মালদ্বীপের সাথে যে দেশগুলির প্রথম কূটনৈতিক সম্পর্ক
স্থাপিত হয়েছিল, তার মধ্যে অন্যতম ছিল ভারত। স্মারক ডাকটিকিট প্রকাশ এই দুই দেশের
মধ্যে ঘনিষ্ঠ এবং ঐতিহাসিক সম্পর্কের প্রতীক।

মালে

25 জুলাই, 2025